**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-05–2024**
**Time: 07.35–07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**Election campaign for remaining phases**

লোকসভা নির্বাচনের অবশিষ্ট পর্বগুলো র জন্য প্রচার গতি লাভ করেছে। বিভিন্ন রাজনৈতিক দলের বরিষ্ঠ নেতৃত্ব জনসভা এবং রেলী তে অংশগ্রহণ করছেন। প্রধানমন্ত্রী তথা বিজেপির বরিষ্ঠ নেতা নরেন্দ্র মোদী গতকাল অন্ধ্রপ্রদেশের রাজমপেটে এক জনসভায় ভাষন দেন। প্রধানমন্ত্রী বলেন এক একটি ভোট দেশকে সশক্ত করবে। প্রধানমন্ত্রী বিজয়ওয়াড়া তে এক রোড শো ও করেন। এর আগে শ্রী মোদী তেলেঙ্গানার করিমনগর লোকসভা নির্বাচনী ক্ষেত্রে এক জনসভায় ভাষন দেন। কংগ্রেস মহাসচিব প্রিয়াঙ্কা গান্ধী রায়বেরেলীতে এক সভায় বক্তব্য রাখেন। তিনি তার প্রচার অভিযানের সূচনা রায়বেরেলী থেকে করেন।সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব গতকাল শাহজাহাপুরে এক রেলী তে বক্তব্য রাখেন।

***********

**CM - IGM.**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা গতকাল রাতে আগরতলায় আই জি এম হাসপাতাল পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি হাসপাতালের স্বাস্থ্য পরিষেবা নিয়ে বিস্তারিত খোঁজখবর নেন। তিনি হাসপাতালে চিকিৎসাধীন রোগী ও তাদের পরিবারের পরিজনদের সঙ্গেও কথা বলেন।

************

**President Droupadi Murmu will present the Padma Awards today**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দিল্লির রাষ্ট্রপতি ভবনে দ্বিতীয় সিভিল ইনভেস্টিচার অনুষ্ঠানে পদ্ম পুরস্কার প্রদান করবেন।

পদ্ম পুরষ্কার - দেশের সর্বোচ্চ অসামরিক পুরস্কারগুলির মধ্যে একটি। তিনটি বিভাগে দেওয়া হয় - পদ্মবিভূষণ, পদ্মভূষণ এবং পদ্মশ্রী।

প্রতি বছর প্রজাতন্ত্র দিবস উপলক্ষে পুরস্কার ঘোষণা করা হয়। গত মাসে, রাষ্ট্রপতি 22 এপ্রিল তিনটি পদ্মবিভূষণ, আটটি পদ্মভূষণ এবং 55টি পদ্মশ্রী পুরস্কার প্রদান করেছিলেন।

**********

**রবীন্দ্র জয়ন্তীতে বৃক্ষরোপন:**

রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে গতকাল আগরতলার বেশ কিছু স্কুলে বৃক্ষ রোপন উৎসব পালন করা হয়। স্কুল গুলি হল ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম উচ্চ বিদ্যালয়, বাণী বিদ্যাপীঠ দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়। এই বিদ্যালয় গুলিতে রবীন্দ্র জন্মজয়ন্তী পালনের পাশাপাশি বৃক্ষরোপণ উৎসব পালন করা হয়।

**************

**3rd Foundation Day Celebration of Muhuri Natya Sanstha:**

দক্ষিণ জেলার বাইখোড়ায় মুহুরী নাট্য সংস্হার তৃতীয় প্রতিষ্ঠা দিবস ও রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিনে  কবি প্রণাম অনুষ্ঠান গতকাল বাইখোড়া কমিউনিটি সভাগৃহে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সূচনা করেন শান্তিরবাজারের মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য, লোকশিল্পী করুনেশ্বর মাধব দাস, কবি বিভুলাল চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন অনুষ্ঠানে। অনুষ্ঠানে স্হানীয় গাজন শিল্পী স্বপন সরকার, যাত্রাশিল্পী তপন দাস, বিমল বৈদ্যকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। সংস্হার শিল্পীরা নাচে গানে কবিতায় কবি প্রণাম অনুষ্ঠানে অংশ নেন।

************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা /  ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

***************

**16th finance commission**

ষোড়শ অর্থ কমিশন সাধারণ জনগণ, আগ্রহী সংস্থা এবং ব্যক্তিদের কাছ থেকে রেফারেন্সের শর্তাবলী এবং সেইসাথে কমিশন যেসব সাধারণ পদ্ধতি গ্রহণ করতে পারে সে বিষয়ে পরামর্শ ও মতামত আহ্বান করেছে।  অর্থ কমিশনের কাজের সাথে প্রাসঙ্গিক অন্য

কোন বিষয়েও পরামর্শ আহ্বান করা হয়। পরামর্শের জন্য আহ্বান' বিভাগের অধীনে 16 তম অর্থ কমিশনের ওয়েবসাইটের মাধ্যমে পরামর্শগুলি জমা দেওয়া যেতে পারে।

*************

**Foreign delegation Impressed by Indian election process :**

ভারতীয় নির্বাচন প্রক্রিয়া অধ্যয়নের জন্য সফররত একটি বিদেশী প্রতিনিধি দল অভিমত ব্যক্ত করেছে যে ভারতে ভোটারদের স্ব-প্রণোদিত ভোটদানের জন্য উৎসাহ এবং তাদের মুখে আনন্দ ভারতের নির্বাচন কমিশন কর্তৃক বাস্তবায়িত ভোট সচেতনতা কর্মসূচির সাফল্য।

কমিশন অন্যান্য দেশের নির্বাচন ব্যবস্থাপনা সংস্থার সাথে আন্তর্জাতিক সহযোগিতা ও সম্পৃক্ততার জন্য এই অনুষ্ঠানের আয়োজন করেছে।

এর আওতায় বিদেশি প্রতিনিধিদলের প্রতিনিধিরা মহারাষ্ট্রে এসেছেন নির্বাচনী প্রক্রিয়া পরিদর্শন করতে।

***************

**Union Health Secretary stressed on timely detection and prevention of Thalassemia :**

কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব অপূর্ব চন্দ্র গতকাল থ্যালাসেমিয়ার মোকাবিলায় এই রোগের সময়মত শনাক্তকরণ এবং প্রতিরোধের গুরুত্বের উপর জোর দিয়েছেন।

তিনি  বলেন, দেশে প্রায় এক লক্ষ থ্যালাসেমিয়া রোগী রয়েছে, এবং প্রতি বছর প্রায় দশ হাজার নতুন কেস রিপোর্ট করা হয়।

তিনি স্ক্রিনিংয়ের মাধ্যমে সময়মত শনাক্তকরণের মাধ্যমে সক্রিয় হস্তক্ষেপের জন্য প্রয়োজনীয়তার উপর জোর দেন।  নয়াদিল্লিতে আন্তর্জাতিক থ্যালাসেমিয়া দিবস উপলক্ষে এক অনুষ্ঠানে বক্তব্য রাখছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব।  শ্রী চন্দ্রা এই রোগের প্রকোপ কমানোর উপায় হিসেবে জাতীয় স্বাস্থ্য মিশনের অধীনে বর্তমান রিপ্রোডাক্টিভ এন্ড চাইল্ড হেল্‌থ (আরসিএইচ) প্রোগ্রামগুলিতে বাধ্যতামূলক থ্যালাসেমিয়া পরীক্ষা অন্তর্ভুক্ত করার সপক্ষে পরামর্শ দিয়েছেন।

**************

**Election 5th phase :**
08.05.24

লোকসভা নির্বাচনের পঞ্চম ধাপে ছয়টি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৪৯টি সংসদীয় আসনের জন্য মোট ৬৯৫জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। ২০ মে অনুষ্ঠেয় এই পর্বের জন্য মোট এক হাজার ৫৮৬টি মনোনয়নপত্র জমা পড়েছে। মনোনয়নপত্র পরীক্ষা শেষে ৭৪৯টি মনোনয়ন পত্র বৈধ বলে বিবেচিত হয়।

পঞ্চম দফায় উত্তর প্রদেশের ১৪টি লোকসভা আসন, মহারাষ্ট্রের ১৩টি লোকসভা আসন, পশ্চিমবঙ্গের সাতটি আসন, বিহার ও ওড়িশার পাঁচটি লোকসভা আসন, ঝাড়খণ্ডের তিনটি আসন এবং

জম্মু ও কাশ্মীর এবং লাদাখে একটি করে লোকসভা আসন ২০শে মে ভোটগ্রহণ হবে।

**************

**Weather :**

আবহাওয়ার পুর্ভাবাসে জানানো হয়েছে তাপমাত্রা সর্বোচ্চ ত্রিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা পরিলিক্ষিত হয় তেইশ দশমিক দুই ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

***********

**********